

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা জজ  
দেউলিয়া বিষয়ক আদালত এর কার্যালয়, চট্টগ্রাম  
দেউলিয়া মামলা নং ০৬/২০০০

নোটিশ

যেহেতু, অত্র নোটিশে উল্লিখিত তফসিল সংক্রান্তে দেউলিয়া বিষয়ক আইন, ১৯৯৭ এর ৩৪ ধারা ও ৩৫ বিধি মোতাবেক সকল বিবাদী/দেনাদারগণের বিরুদ্ধে ডিক্রি প্রদানপূর্বক দেউলিয়া ঘোষণার আদেশ প্রদান করা হয়।

আদেশ যাহা,

অত্র দেউলিয়া মামলায় ১-২ নং বিবাদীর বিরুদ্ধে একতরফা সূত্রে বিনা খরচায় ডিক্রি হইল। ১-২ নং বিবাদী বিগত ২৯-০২-২০০০ খ্রিস্টাব্দ পর্যন্ত ৭,৬৬,৬৫,৩১৩/- (সাত কোটি ছিষটি লক্ষ পঁয়ষটি হাজার তিন শত তের) টাকা পরিশোধে ব্যর্থ হওয়ায় বিবাদীগণকে দেউলিয়া ঘোষণা করা হইল। বিবাদী দেনাদারগণ অদ্য হইতে ১০ (দশ) দিনের মধ্যে উপরিউক্ত টাকার অনূন ১০% হারে কমপক্ষে মোট ৭৬,৬৬,৫৩১.৩০/- টাকা (ছিয়াত্তর লক্ষ ছিষটি হাজার পাঁচশত একত্রিশ টাকা ত্রিশ পয়সা) অত্রাদালতে জমা প্রদান সাপেক্ষে দেউলিয়া বিষয়ক আইন, ১৯৯৭ এর ৯৬ ধারার বিধান মোতাবেক আপীল দায়ের করিতে পারিবেন। দেনাদার বিবাদীগণের দায়মুক্তির বিষয় সম্পর্কে আগামী ৩০-০৪-২০১৭ খ্রিস্টাব্দে শুনানী হইবে। তন্মধ্যে বিবাদী-দেনাদারগণ ইচ্ছে করিলে দায়মুক্তির আবেদন করিতে পারিবেন।

(৩৫৫৩)

মূল্য ৪ টাকা ৪.০০

তফসিল

আরজীতে উল্লিখিত হিসাব বিবরণী অনুযায়ী ২৯-০২-২০০০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ নং বিবাদী মেসার্স এম এ সালাম এন্ড কোং এর নিকট বাদীর প্রাপ্য টাকার অংক: ৭,৬৬,৬৫,৩১৩/-

পক্ষগণের নামসহ বিস্তারিত বিবরণ

বাদী/পাওনাদারের নাম	বিবাদী/দেনাদার (দেউলিয়া) গণের নাম, ঠিকানা ও পরিচিতি	ঘোষণা প্রদানের তারিখ	দেনাদারের দায়মুক্তি আবেদনের সময়সীমা	ঘোষণা প্রদানকারী আদালতের নাম
রূপালী ব্যাংক লিঃ, রূপালী ভবন ৩৪, দিলকুশা বাণিজ্যিক এলাকা, থানা-মতিঝিল, ঢাকা-১০০০, শাখা অফিস, স্ট্রাড রোড শাখা, পশ্চিম জোন- চট্টগ্রাম। তদ্বীয় পক্ষে প্রতিনিধিত্বকারী তদ্বীয় ব্যবস্থাপক বাদী। ...বাদী/পাওনাদার	১। মেসার্স এম এ সালাম এন্ড কোম্পানী, বি এস নাহার বিল্ডিং, ৩৯৮ স্ট্রাড রোড, থানা-ডবলমুরিং, জিলা-চট্টগ্রাম। বর্তমানে ৩৭-৩৮ সিইপিজেড, বন্দর, চট্টগ্রাম। ২। জনাব এম এ সালাম, মালিক এম এ সালাম এন্ড কোং, পিতা-আলহাজ্জ মতিয়র রহমান, ১১৭ নর্থ নালাপাড়া, থানা-ডবলমুরিং, জেলা-চট্টগ্রাম। বর্তমানে- মরিয়ম ভিলা, ১০২৯, জাকির হোসেন রোড, পূর্ব নাসিরাবাদ, থানা-পাঁচলাইশ, চট্টগ্রাম। .....বিবাদীগণ/দেনাদারগণ	২৭-০২-১৭	৩০-০৪-২০১৭ খ্রিস্টাব্দ	অতিঃ জেলা জজ, দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম।

মোহাম্মদ সাদেকুর রহমান

অতিরিক্ত জেলা জজ

দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd